যুগান্তর

3 FEB 2015

রাজধানীর স্কুলপ্রধানদের সঙ্গে বৈঠক

# অবরোধের মধ্যে সুযোগমতো ক্লাস নেয়ার পরামর্শ

যুগান্তর রিপোর্ট

সুযোগ অনুযায়ী ক্লাস কার্যক্রম চালিয়ে যেতে ঢাকার স্কুলগুলোকে পরামর্শ দেয়া হয়েছে। বৃহস্পতিবার মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদফতরে (মাউশি) অনুষ্ঠিত এক সভা থেকে এই পরামর্শ দেয়া হয়। মাউশি মহাপরিচালক অধ্যাপক ফাহিমা খাতুনের সভাপতিত্বে এতে প্রধান অতিথি ছিলেন শিক্ষা সচিব নজরুল ইসলাম খান।

সভায় অধ্যক্ষ ও প্রধান শিক্ষকরা জানিয়েছেন, অবরোধের শুরু থেকেই তারা প্রতিষ্ঠান খোলা রেখেছেন। শুরুর দিকে শিক্ষার্থীদের উপস্থিতি খুবই কম ছিল। তবে কয়েকদিন ধরে উপস্থিতি বাড়ছে।

জানতে চাইলে মাউশি মহাপরিচালক যুগান্তরকে বলেন, 'আমরা বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানদের সঙ্গে বৈঠক করেছি। তাদের নিয়ে আরেকটি সভায় বসব। তবে আজ (বৃহস্পতিবার) আমরা চলমান পরিস্থিতি নিয়ে আলোচনা করেছি। স্কুলগুলোর সমস্যা ও পরিস্থিতি শুনেছি। তাঁদের বলে দিয়েছি, যে যেভাবে পারেন ক্লাস কার্যক্রম চালিয়ে যান। তবে শিক্ষার্থীদের নিরাপত্তাকে অগ্রাধিকার দিতে বলেছি।'

সভায় রাজধানীর ৬৬টি স্কুল ও কলেজের প্রধানরা যোগ দেন। মাউশির পরিচালক (মাধ্যমিক) অধ্যাপক এলিয়াছ হোসেন, উপপরিচালক মোস্তফা কামালও এতে উপস্থিত ছিলেন। মতিঝিল আইডিয়াল স্কুল ও কলেজের অধ্যক্ষ ড. শাহানআরা বেগম যুগান্তরকে জানান, চলমান পরিস্থিতির উত্তরণ কবে ও কিভাবে ঘটবে তা কেউ বলতে পারছেন না। কিন্তু অষ্টম ও দশম শ্রেণীর ছাত্রছাত্রীদের ক্লাস নেয়া খুবই জরুরি। কেননা, অন্যান্য শ্রেণীর সিলেবাসের যতটুকু শেষ হবে, ততটুকুর মধ্যে প্রশ্ন করে পরীক্ষা নেয়া যাবে, কিন্তু নভেম্বর মাসে অষ্টম শ্রেণীর জেএসসি পরীক্ষা। তাদের তো গোটা সিলেবাস শেষ করতে হবে। আমি আমার স্কুলের শিক্ষার্থীদের ডেকেছি। তাদের সিলেবাস, ক্যালেন্ডার দেব, যাতে বাসায় লেখাপড়া চালাতে পারে।

এই বৈঠকটি মূলত শিক্ষা প্রতিষ্ঠানে মাল্টিমিডিয়া প্রজেক্টরের মাধ্যমে পাঠদান ও প্রতিষ্ঠানের ওয়েবসাইট খোলার বিষয়ে ডাকা হয়েছিল। তবে চলমান পরিস্থিতিতে শিক্ষা কার্যক্রমের আলোচনাই বেশি প্রাধান্য পায়।